**প্রেস রিলিজ**

তারিখ: ২০ সেপ্টেম্বর ২০২৬

# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে ইউজিসির হিট প্রকল্পের আওতায় শিক্ষকদের তিন মাসব্যাপী প্রশিক্ষণ শুরু

আজ ২০ সেপ্টেম্বর ২০২৬ রবিবার বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) গাজীপুরস্থ ক্যাম্পাসে বিভিন্ন বিশ্ববিদ্যালয় শিক্ষকদের নিয়ে ০৩ (তিন) মাসব্যাপী প্রশিক্ষণ শুরু হয়েছে। বিশ্বব্যাংক ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থায়নে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের তত্ত্বাবধানে হিট প্রকল্পের আওতায় ০৩ (তিন) মাসব্যাপী এই প্রশিক্ষণ প্রোগ্রামের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য অধ্যাপক ড. মাছুমা হাবিব। বাউবি'র আইকিউএসির পরিচালক এবং পিডিটির কোর্স পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ জহির রায়হান-এর সঞ্চালনায় প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক ড. মাছুমা হাবিব বলেন, বিশ্ববিদ্যালয় শিক্ষকদের এ ধরনের প্রশিক্ষণ আন্তর্জাতিক মানের শিখন ও শিক্ষাদানের সক্ষমতা বৃদ্ধি, উন্নত গবেষণায় উদ্বুদ্ধকরণ, নেটওয়ার্কিং ও পারস্পরিক জ্ঞান ও অভিজ্ঞতার আদান-প্রদানের মাধ্যমে ভবিষ্যৎ শিক্ষার্থীদের অগ্রগতি ও শিক্ষাগত মান উন্নয়নে সহায়তা করবে।

হিট প্রকল্পের পরিচালক অধ্যাপক ড. আসাদুজ্জামান-এর সভাপতিত্বে সকাল ১০টায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের গাজীপুরস্থ ক্যাম্পাসে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাউবি'র প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. আনিসুর রহমান, ইউটিটিএ'র একাডেমিক ডীন অধ্যাপক ড. লায়লা নূর ইসলাম।

বিশেষ অতিথির বক্তব্যে বাউবি'র প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. আনিসুর রহমান বলেন, শিক্ষকদের পেশাগত উন্নয়নের জন্য এ প্রশিক্ষণ অত্যন্ত গুরুত্বপূর্ন। এই প্রশিক্ষণের মাধ্যমে শিক্ষকরা আধুনিক শিক্ষাদান পদ্ধতি, প্রযুক্তির কার্যকর ব্যবহার, গবেষণা দক্ষতা, মূল্যায়ন কৌশল এবং শিক্ষার্থীকেন্দ্রিক শিক্ষা সম্পর্কে জ্ঞান ও দক্ষতা অর্জন করতে পারবেন। ফলে তাঁদের শিক্ষাদানের মান, পেশাগত দক্ষতা ও প্রাতিষ্ঠানিক অবদান আরও উন্নত হবে।

অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন প্রোফেশনাল ডেভেলপমেন্ট ট্রেনিং প্রোগ্রামের কোর্স পরিচালক এবং বাউবি'র আইকিউএসি'র পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ জহির রায়হান, হিট প্রকল্পের উইং ম্যানেজার, রিসার্চ কো-র্ডিনেশন স্পেশালিস্ট অধ্যাপক ড. মোহাম্মদ মনিনুর রশিদ এবং হিট প্রকল্পের ফ্যাকাল্টি প্রফেশনাল ডেভেলপমেন্ট স্পেশালিস্ট অধ্যাপক ড. মো. আবদুস সালাম এবং হিট ট্রেনিং উইং-এর প্রধান অধ্যাপক সেলিনা জামান। এছাড়াও প্রশিক্ষনার্থীদের মধ্য থেকে বক্তব্য রাখেন রবীন্দ্র বিশ্ববিদ্যালয় এর সহকারী অধ্যাপক (সমাজবিজ্ঞান বিভাগ) ফারহানা ইয়াসমিন, পোর্ট সিটি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি চট্টগ্রাম এর সহকারী অধ্যাপক (ফ্যাশন ডিজাইন বিভাগ) রাশীদুল হাসান শরীফ।

উক্ত ট্রেনিং প্রোগ্রামের ৫ম ও ৬ষ্ঠ ব্যাচে ২৭টি বিশ্ববিদ্যালয়ের মোট ৬০ জন বিশ্ববিদ্যালয় সহকারী অধ্যাপক ও প্রভাষক অংশগ্রহণ করছেন।

সবশেষে সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠান সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)



Main Campus: Gazipur-1705, Bangladesh, Phone: +88 02 996691119, IP: +88 09666730730, Ex. 777
e-mail: iprd@bou.ac.bd, Website: www.bou.ac.bd